C:\Users\CEDP\Desktop\BOARD STIPEND NOTICE.doc

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা

ফোনঃ ৮৮-০৮১-৬৫৯৮৮ (ডিগ্রী শাখা); ৬৫২৪৫ (উচ্চ মাধ্যমিক শাখা);
ফ্যাক্স ঃ ৮৮-০৮১-৭১১৬১; ই-মেইল : principal@cvgc.edu.bd ওয়েব সাইট : www.cvgc.edu.bd
Facebook Page: https://www.facebook.com/cvgc.edu.bd1


তারিখ: ১৭.০৭.২০২৩

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজে স্নাতক পাস/সম্মান শ্রেণিতে ভর্তিকৃত যে সকল শিক্ষার্থী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় শিক্ষাবোর্ড কর্তৃক প্রকাশিত ফলাফলের ভিত্তিতে মেধাবৃত্তি পেয়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি কলেজে জমা দিয়েছে কিন্তু গত আর্থিক বছরের বৃত্তির টাকা ব্যাংক হিসাবের মাধ্যমে পায় নাই আগামী ২২.০৭.২০২৩ তারিখের মধ্যে ডিগ্রি শাখায় প্রশাসনিক ভবনের নীচতলা ভর্তি শাখায় যোগাযোগের জন্য নির্দেশ দেয়া হল। নির্দিষ্ট তারিখের মধ্যে কাগজপত্রাদি নিয়ে যোগাযোগ না করলে এ সংক্রান্ত কোন জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকিবে না।

যে সকল কাগজপত্র জমা দিতে হবে:

১। উচ্চ মাধ্যমিক পাশের সনদ/নম্বরপত্রের ফটোকপি এবং রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি।

২। শিক্ষার্থীর এনআইডি/অনলাইনকৃত জন্মসনদের ফটোকপি।

৩। পিতা-মাতার এনআইডির ফটোকপি।

৪। ব্যাংক হিসাব এর চেক বইয়ের ফটোকপি (ব্যাংকের নাম, হিসাব নম্বর, শাখার নাম, রাউটিং নম্বর উল্লেখ থাকতে হবে)।

17.7.23

অধ্যক্ষ
কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ
কুমিল্লা।

অধ্যক্ষ
কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ
কুমিল্লা।

29/07/23

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৬৯৯ তারিখ : ১২-০৭-২০২৩ খ্রিস্টাব্দ

বিষয় : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে মেধাবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের ২০২৩-২০২৪ অর্থবছরের বৃত্তির অর্থ প্রাপ্তির জন্য MIS Software-এ এন্ট্রি/সংশোধন এবং Bounced Back হওয়া তথ্যের ভুল সংশোধন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে।

অত্র অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে মেধাবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের ২০২৩-২০২৪ অর্থবছরের বৃত্তির অর্থ প্রাপ্তির জন্য MIS Software-এ তথ্য এন্ট্রি/ভুল সংশোধন/একাধিক এন্ট্রি নিষ্ক্রিয়করণ এবং Bounced Back হওয়া শিক্ষার্থীদের তথ্য আগামী ২৫ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে এন্ট্রি/সংশোধনের জন্য সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, বৃত্তিপ্রাপ্ত যে সকল শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি করা হয়নি তাদের তথ্যও MIS Software-এ এন্ট্রি করতে হবে।

**MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয় :**

০১। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে/১৮ বছরের কম শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে;
০২। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে MIS-এ শিক্ষার্থীর এন্ট্রিকৃত হিসাবধারীর নামের স্থলে প্রথমে শিক্ষার্থীর নাম, তারপর and এবং তারপর দ্বিতীয় হিসাবধারীর নাম ইংরেজিতে এন্ট্রি করতে হবে;
০৩। বৃত্তির গেজেটে শিক্ষার্থীর নামের বানান, MIS সফ্টওয়্যার-এ শিক্ষার্থীর নামের বানান এবং হিসাবধারীর নামের বানান অভিন্ন হবে। বৃত্তির গেজেটে নামের বানানে হাইফেন ( - ) থাকলে MIS সফ্টওয়্যার-এ শিক্ষার্থীর নামের বানানে হাইফেন দিতে হবে। কিন্তু হিসাবধারীর নামের স্থলে শিক্ষার্থীর নামের বানানে হাইফেনের স্থলে Single Space দিতে হবে;
০৪। শিক্ষার্থীর নামীয় ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না;
০৫। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
০৬। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
০৭। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর পরীক্ষার নাম ও সন, পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর এবং প্রাপ্ত CGPA সঠিকভাবে পূরণ করতে হবে;
০৮। বৃত্তির ক্যাটাগরি (মেধা/সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে;
০৯। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
১০। ব্যাংক হিসাবটি বর্তমানে অবশ্যই সচল (Active) থাকতে হবে;
১১। বিকাশ, শিউর ক্যাশ, নগদসহ এ ধরণের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান করা যাবে না;
১২। একটি পরীক্ষার বিপরীতে একজন শিক্ষার্থীর একাধিক এন্ট্রি (Multiple Entry) করা যাবে না। Multiple Entry থাকলে সঠিক এন্ট্রি রেখে অবশিষ্ট এন্ট্রি নিষ্ক্রিয় (Deactivate) করতে হবে;
১৩। শিক্ষার্থীদের তথ্য MIS Software-এ যথাযথভাবে এন্ট্রি হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য অবশ্যই দুই জন শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে (অত্র অধিদপ্তরের জারীকৃত পত্রের **স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৯১/২০, তারিখ: ০২/০৩/২০২২-এর নির্দেশনা অনুসরণীয়);**
১৪। তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;
১৫। তথ্য এন্ট্রি দেয়ার সময়সীমা : ২৫ জুলাই, ২০২৩ পর্যন্ত।

**তথ্য পূরণ/সংশোধন এর জন্য লিংক নিম্নরূপ :**

- DSHE Scholarship MIS এর URL (লিংক) : **scholarship.dshe.gov.bd/DSHE-MIS/login**

স্বাক্ষরিত/-
১২/০৭/২০২৩
(অধ্যাপক নেহাল আহমেদ)
মহাপরিচালক

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৬৯৯/২৪ তারিখ : ১২-০৭-২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
০৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয় / কলেজকে অবহিতকরণের অনুরোধসহ)
০৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৬. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৭. প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
০৮. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৯. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)
(আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১০. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১১. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের অনুরোধসহ)
১২. রেজিস্ট্রার, সাধারণ / মেডিকেল / প্রকৌশল বিশ্ববিদ্যালয় (সরকারি/বেসরকারি....সকল)
১৩. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল)
১৪. অধ্যক্ষ, মেডিকেল / ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি/বেসরকারি .....সকল)
১৫. অধ্যক্ষ, সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ (সকল)
১৬. উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৭. উপপরিচালক (কলেজ / মাধ্যমিক ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
["মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে মেধাবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের ২০২৩-২০২৪ অর্থবছরের বৃত্তির অর্থ প্রাপ্তির জন্য MIS Software-এ এন্ট্রি/সংশোধন এবং Bounced Back হওয়া তথ্যের ভুল সংশোধন]"-শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্কুলে প্রকাশের অনুরোধসহ]
১৯. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
২০. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক / মাধ্যমিক / সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
২১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
২২. সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস (সকল)
২৩. পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২৪. সংরক্ষণ নথি।

১২/৭/২০২৩
(মো: নুরুল ইসলাম চৌধুরী)
উপ-পরিচালক
এক্সেস এন্ড কোয়ালিটি এস্যুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং

C:\Users\DD(AQAU)\Desktop\Desktop 01-03-22\সাইফুল ভাই\Cercular.2020-21(july-june)\cercular-22-23\সাধারণ বিজ্ঞপ্তির পত্র জারি.ফাইনাল ২২৩doc.doc